

**একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত হবে**  
রেজিস্ট্রারের কার্যালয়  
বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল  
২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয়নগর, ঢাকা-১০০০  
[www.bnmc.gov.bd](http://www.bnmc.gov.bd)

স্মারক নং-বিএনএমসি/প্রশা-৩(অংশ-৩)/২০২১-৪৬৯

তারিখঃ ০৯ জুন ২০২১ খ্রিঃ

**বিজ্ঞপ্তি**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের অধীনে ২৪ নভেম্বর ২০২০ খ্রিঃ অনুষ্ঠিত ডিপ্লোমা ইন কার্ডিয়াক নার্সিং, জুনিয়র মিডওয়াইফারি, কমিউনিটি প্যারামেডিক পরীক্ষার ফলাফল পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটি কর্তৃক ০৬ এপ্রিল ২০২১ খ্রিঃ সভায় অনুমোদন করা হয়। উক্ত পরীক্ষার ফলাফল ১৩ এপ্রিল ২০২১ খ্রিঃ প্রকাশ করা হয়। পরীক্ষায় অকৃতকার্যদের মধ্যে উত্তরপত্র পুনঃনিরীক্ষার জন্য আগ্রহী পরীক্ষার্থী ২১ জুন ২০২১ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে আবেদন জমা নিশ্চিত করতে হবে।

**নিয়মাবলি/শর্তাবলিঃ**

১. পরীক্ষার্থী আবেদনে লিখিত উত্তরপত্র পুনঃনিরীক্ষার বিষয় (পত্রসহ) সংখ্যা উল্লেখ করবেন (ব্যবহারিক ব্যতীত)।
২. আবেদন সংশ্লিষ্ট ইনস্টিটিউটের মাধ্যমে রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল বরাবর লিখতে হবে। আবেদন অবশ্যই প্রতিষ্ঠান প্রধানের নিকট জমা দিবেন এবং প্রতিটি আবেদন অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষর, তারিখ, নামসহ প্রতিষ্ঠানের সিলমোহর দিয়ে অগ্রবর্তী করিবেন।
৩. প্রতিষ্ঠানের সকল আবেদন একত্রে একটি পত্রের মধ্যে ক্রমিক, নাম, রোল, পুনঃনিরীক্ষার বিষয় ও প্রাপ্ত নম্বর তালিকা করে প্রেরণ করতে হবে।
৪. পুনঃনিরীক্ষার ফি প্রতিটি বিষয়ের জন্য ১০০০/- (এক হাজার) টাকা হারে সকল ফি একত্রে একটি ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার “বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল” এর অনুকূলে জমা দিতে হবে, যার নং ও তারিখ পত্রের মধ্যে উল্লেখ থাকতে হবে।
৫. নির্ধারিত তারিখের পর কোন আবেদন জমা করা হবে না। ডাক/কুরিয়ারযোগে কোন আবেদন নির্ধারিত তারিখের মধ্যে অফিসে না পৌঁছলে কাউন্সিল দায়ী থাকবে না।
৬. পুনঃনিরীক্ষার কাজ শেষে প্রস্তুতকৃত ফলাফল কাউন্সিলের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।
৭. পুনঃনিরীক্ষার ফলাফল প্রকাশের তারিখ হতে অনধিক ১০ (দশ) দিনের মধ্যে সংশ্লিষ্ট মার্কশীটের মূলকপি প্রতিষ্ঠান কর্তৃপক্ষ দাপ্তরিক প্রক্রিয়ায় সংশোধন করে নিবেন। কোন পরীক্ষার্থী ব্যক্তিগতভাবে কাউন্সিলে যোগাযোগ করবেন না।

**সংযুক্তিঃ**

- (ক) ডিপ্লোমা ইন কার্ডিয়াক নার্সিং/ জুনিয়র মিডওয়াইফারি/কমিউনিটি প্যারামেডিক কোর্সের ফলাফলের কপি।  
(খ) মার্কশীট রোল নং..... হতে..... মোট.....টি।



(সুরাইয়া বেগম)

রেজিস্ট্রার

বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল

ফোনঃ ৯৫৬১১১৬

ই-মেইলঃ [info@bnmc.gov.bd](mailto:info@bnmc.gov.bd)

স্মারক নং-বিএনএমসি/প্রশা-৩(অংশ-৩)/২০২১-

তারিখঃ ০৯ জুন ২০২১ খ্রিঃ

**অনুলিপি অবগতি ও কার্যার্থেঃ**

১. অধ্যক্ষ/ ইনচার্জ/ কোর্স –কোঅর্ডিনেটর.....
২. নোটিশ বোর্ড (প্রার্থীদের অবগতির জন্য) সংশ্লিষ্ট ইনস্টিটিউট
৩. সহকারী প্রোগ্রামার/ হিসাব শাখা, বিএনএমসি।